দৈনিক ইত্তেফাক

DEC. 0 1 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ২ ...

# মানিকগঞ্জে প্রাথমিক স্কুল শিক্ষকদের বিরুদ্ধে অভিভাবকদের অভিযোগ

আরিচা থেকে সংবাদদাতা ॥ মানিকগঞ্জ জেলার সকল সরকারী, বেসরকারী ও এনজিও পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষার ঐচ্ছিক বিষয় 'হাতের কাজ' না নিয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মর্জিমাফিক টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ পাওয়া গেছে। ছাত্র-অভিভাবক মহল সূত্রে জানা গেছে, বার্ষিক পরীক্ষায় 'হাতের কাজ' আবশ্যিক বিষয় না হওয়া সত্ত্বেও বিদ্যালয়ের শিক্ষকরা এ অজুহাতে অতিরিক্ত নম্বরের কথা বলে কোমলমতি শিক্ষার্থীদের কাঁচের গ্লাস, জগ, বাটি, তৈজসপত্র ইত্যাদি জমা (১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## মানিকগঞ্জ-প্রাথমিক

(৩য় পৃঃ পর)

দেয়ার নির্দেশ দিচ্ছে। এক্ষেত্রে অনেকেই বাঁশ, কাঠ, বেত বা কাগজের তৈরী হাতে বানানো জিনিস জমা দিতে চাইলে শিক্ষকরা নিরুৎসাহ বোধ করছে। হাতের কাজের ইপ্সিত দ্রব্য-সামগ্রী জমা দিতে ব্যর্থ হলে ছাত্র-ছাত্রী প্রতি সর্বোচ্চ ২০ টাকা চাঁদা দেয়ার নির্দেশ দেয়ায় অভিভাবক মহলে দারুণ ক্ষোভের সৃষ্টি হয়েছে।